

ভেজাল বিরোধী অভিযানে সাড়ে ৩ লাখ টাকা জরিমানা

■ ইত্তেফাক রিপোর্ট

জেলা প্রশাসন ও বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) এর উদ্যোগে চারটি মোবাইল কোর্ট গতকাল পরিচালনা করা হয়। গোবিন্দপুর, শনির আখড়া এলাকায় ইসলামিক ফার্মাসিটিক্যাল প্রাইভেট লিমিটেড এর লাচ্ছাসেমাই, সয়াবিন তৈল এবং সরিষার তৈল এর সিএম লাইসেন্স নবায়ন না করে উৎপাদন, বিক্রয় ও বিতরণ করায় ৪০ হাজার জরিমানা এবং একই স্থানে বিক্রমপুর ভাগ্যকুল মিষ্টান্ন ভান্ডারকে দই এর সিএম লাইসেন্স গ্রহণ না করে উৎপাদন, বিক্রয় ও বিতরণ করায় ১০ হাজার জরিমানা করা হয়। র্যাংকন স্ট্রীট এলাকায় নবরুপা ফ্যাশান প্রাইভেট লিমিটেড প্রতিষ্ঠানে বিএসটিআই এর ছাড়পত্র গ্রহণ ব্যতীত বিদেশী পেপ্ট, শ্যাম্পু, লিপস্টিক, ক্রীম, পাউডার এবং টয়লেট সোপ বিক্রয়-বিতরণ করায় ১ লাখ টাকা জরিমানা এবং মালামাল জব্দ করে। অপর একটি প্রতিষ্ঠান ভুলু বেকারী এন্ড জেনারেল স্টোর এর মাস সম্মত পাল্লা ব্যবহার না করায় ৫ হাজার জরিমানা করা হয়। আজিপুর এলাকায় নোংরা খোলা পরিবেশের জন্য যাদব ঘোষ এন্ড সন্স কে ৮০ হাজার, রোজ হেভেন ফুডসকে ২০ হাজার এবং মৌরি ফুড এন্ড ক্যাটারিং কে ৫০ হাজার জরিমানা করা হয়। পল্টন এলাকায় ড্রিংকিং ওয়াটার উৎপাদনকারী প্রতিষ্ঠান ফেইথ কনজুমার এন্ড বেভারেজ প্রতিষ্ঠানটি বিএসটিআই এর লাইসেন্স গ্রহণ না করে ড্রিংকিং ওয়াটার উৎপাদন, বিক্রয় ও বিতরণ করায় ম্যানেজার ফিরোজকে ৫০ হাজার জরিমানা এবং প্রতিষ্ঠানটিকে সিলগালা করা হয়।